মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জুলাই ২০১৭** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২১ জুলাই ২০১৭**

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৭২	২০০	৭২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৮৯১	৩৭৩
মোট	**১,৫৩৬**	**১,০৯১**	**৪৪৫**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১০	১০	২৯	২৩	৭২
দুর্নীতি দমন কমিশন	-	-	৫১	৩৫	১৪৫	০৩	২৩৪*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই ।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	১১-১৪ জুলাই ২০১৭ মেয়াদে নিউইয়র্ক, ১৫-১৬ জুলাই ২০১৭ তারিখ হাইতি, ১৮-২১ জুলাই ২০১৭ মেয়াদে মক্কা এবং জেদ্দা সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয় ।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয় ।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬ (জাইকা=৫.১৮৯০ জিওবি ০.৬৭৩০)	৫.৫৩৪০ (৯৪ শতাংশ) জাইকা: ৫.১৮৯০ (১০০ শতাংশ) জিওবি: ০.৩৪৫০ (৫১ শতাংশ)	-	-	প্রকল্পের সহযোগী সংস্থা জাইকা অংশের মেয়াদ ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত।
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০০.০৪	৭.১৭ (৮৮.৬৬ শতাংশ) ০.০২৬৫ (৬৬.২৮ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	১২.০৩ (৬১.০০ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ৩.৩১ জিওবি:৩৯.৬৮	০২.৩৪ (৭০.৬৯ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**২৬টি**	**৯৪৯.৮২**	**০৪**	**১**	**২৫টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	০৩	-
দুর্নীতি দমন কমিশন-১৪	-	-	-	-	১৪	১৪
মোট	০	০	০	০	১৭	১৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	‘Public Administration for Civil Servants of Bangladesh’ স্থান: চীন	২৭ জুন - ১৭ জুলাই ২০১৭	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	**তিনজন** (১) অতিরিক্ত সচিব (সমন্বয়) (২) যুগ্মসচিব (মন্ত্রিসভা) (৩) যুগ্মসচিব (জেলা ম্যাজিস্ট্রেসি)
দুর্নীতি দমন কমিশন	১।	Investigating and Prosecuting Fininancial crimes	২৪-২৮ জুলাই ২০১৭	US Embassy	**৮ জন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: চার জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

(১) মন্ত্রিসভার পাঁচটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা দু’টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা একটি, মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব সভা একটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৪৪টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ২৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৯টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদের সদস্য, তৎকালীন প্রাদেশিক পরিষদের সদস্য, সাবেক জাতীয় সংসদ-সদস্য, প্রবীণ রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ইসহাক মিঞা ২৪ জুলাই ২০১৭ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। জনাব মোঃ ইসহাক মিঞার সুদীর্ঘ রাজনৈতিক জীবনের অবিস্মরণীয় অবদান শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ ও তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ক রে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৪ জুলাই ২০১৭ তারিখের বৈঠকে একটি শোক প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৭ জুলাই ২০১৭ তারিখের বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুন প্রথম ও জুন দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৫) গোপালগঞ্জ, রংপুর এবং গাজীপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬) ০২ জুন ২০১৭ তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলায় সংঘটিত সহিংস ঘটনার বিষয়ে গঠিত তদন্ত কমিটির সময়সীমা বৃদ্ধিকরণ সংক্রান্ত বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জনাব নুরুল ইসলাম নয়নের নিহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে উদ্ভূত সহিংস ঘটনা সম্পর্কিত প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) মে ২০১৭ মাসের পরিসংখ্যান অনুযায়ী অনূর্ধ্ব ১৬ বছর বয়সী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম এবং ঝিনাইদহ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) মে ২০১৭ মাসে নোয়াখালী জেলার গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন পত্র জেলা প্রশাসক, নোয়াখালী বরাবর প্রেরণ করা হয়।

(১০) মায়ানমারের জেল হাজতে আটক বাংলাদেশী নাগরিকদেরকে স্বদেশে ফেরত আনার আবেদন সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মান্যবর রাষ্ট্রদূত, ইয়াংগুন দূতাবাস, মায়ানমার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) চট্টগ্রাম বিভাগের স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনার প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) গাজী তারিক সালমন প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা এবং স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত কার্যক্রমের বিষয়ে তদন্ত সংক্রান্ত ঘটনার প্রতিবেদনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) কীর্তনখোলা নদীর চরকাউয়া পয়েন্টে মেঘনা গ্রুপের এমভি মা-বাবার দোয়া কার্গো এবং এমভি ফজর রওশন এন্টারপ্রাইজ নামক তেলবাহী ট্যাংকারের দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণকেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১২ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সহকারী পুলিশ সুপার (সার্কেল)-গণের উপস্থিত থাকা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটি কর্তৃক বাংলাদেশের ৬৪টি জেলায় চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ (প্রথম পর্যায়) প্রকল্পের আওতায় নীলফামারী ও চুয়াডাঙ্গা জেলার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত স্থান পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ৩৭ জন, মামলা দায়ের ১৪ জন, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ১৩ জন, সাময়িক বরখাস্তকরণ ০১ জন এবং নথিভুক্তির জন্য ১০৮জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে

অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ০১জন কর্মকর্তাকে পরিচালক পদে এবং ০১জন কর্মকর্তাকে উপপরিচালক পদে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(১৮) বিভিন্ন আইনে ০২জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(১৯) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জুন ২০১৭ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের Key Performance Indicators (KPI) -ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২০) জেলা প্রশাসককে সভাপতি/আহবায়ক করে বিভিন্ন সময়ে মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট বিভিন্ন কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিসমূহ এখনও কার্যকর রয়েছে কিনা অথবা কমিটির রূপরেখা সংশোধন করা হয়েছে কিনা কিংবা আরও কোন কমিটি রয়েছে কিনা যাচাইপূর্বক সে বিষয়ে সুস্পষ্ট মতামত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়ে/বিভাগে তাগিদ পত্র প্রদান করা হয়।

(২১) ভারত সরকারের অর্থায়নে ১৩-২২ সেপ্টেম্বর ২০১৭ এবং ১৫-২৪ নভেম্বর ২০১৭ মেয়াদে 'National Centre for Good Governance' (NCGG), Mussoorie, India-তে প্রতি ব্যাচে ১৬ জন করে ৩২ জন জেলা প্রশাসকের জন্য অনুষ্ঠেয় Special Training Programme for Deputy Commissioners of Bangladesh শীর্ষক প্রশিক্ষণে বর্তমান বন্যা/প্রাকৃতিক দুর্যোগ পরিস্থিতি বিবেচনায় দুটি ব্যাচে জেলা প্রশাসকগণকে অংশগ্রহণের অনুমতি প্রদানের বিষয়ে শর্তসাপেক্ষে এই বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(২২) শ্রীলংকার মহামান্য রাষ্ট্রপতি ১৩-১৫ জুলাই ২০১৭ মেয়াদে বাংলাদেশে সরকারি সফর কালে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণকালে তাঁকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণ এবং একইসঙ্গে মাননীয় অতিথির বর্ণিত সফরকালে বিদ্যমান আইন, বিধি ও নির্দেশনা অনুযায়ী নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ, যথাযথ রাষ্ট্রাচার অনুসরণ, যানবাহন প্রদান এবং প্রশাসনিক ব্যবস্থার সমন্বয় সাধনের জন্যও জেলা প্রশাসক , ঢাকা এবং জেলা প্রশাসক চট্টগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৩) মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সহকারী সচিব, জনাব মুহাম্মদ আসাদুল হক ১২ মার্চ ২০১৭ তারিখে সিলেট জেলার জৈন্তাপুর উপজেলা পরিদর্শন; খন্দকার সাদিয়া আরাফিন, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ গত ০৭ মে ২০১৭ তারিখে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(২৪) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৭ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৬জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৫) মহান বিজয় দিবস উপলক্ষ্যে 'বিজয় দিবস ভাতা' প্রচলনের বিষয়ে অর্থ বিভাগ/জনপ্রশাসন/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) উপকূলীয় জেলাসমূহে যান্ত্রিক মৎস্য-নৌযানের রেজিস্ট্রেশন ও ফিশিং লাইসেন্স ইস্যু সংক্রান্ত এবং আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড (এপিএসসিএল) বাস্তবায়নের জন্য গঠিত জমি ক্রয়-সংক্রান্ত কমিটিতে জেলা প্রশাসকের প্রতিনিধির অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।

(২৭) ৩১ জুলাই 'Technical Support for CRVS System Improvement in Bangladesh' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অনুরোধ করা হয়|

(২৮) ২৬ জুলাই তারিখে 'Technical Support for CRVS System Improvement in Bangladesh' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Evaluation Seminar অনুষ্ঠিত হয়।

(২৯) ৩০ জুলাই তারিখে 'Social Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC)-এর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়।

(৩০) ২২ জুলাই তারিখে বরিশাল বিভাগের সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের জন্য Oreintation on the NSSS অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়।

(৩১) ০৬ জুলাই ২০১৭ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম -পরিকল্পনা ২০১৬- ১৭ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত চতুর্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত পত্র সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়।

(৩২) ‘BCURE’ শীর্ষক প্রকল্পের আওতায় ৮ম-৯ম ব্যাচের প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(৩৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্পে অর্থ বরাদ্দ ও ব্যয় এবং প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য প্রেরণ করা হয়।

(৩৪) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর আর্থিক সহায়তাপুষ্ট ‘Supporting the Good Governance Programme’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি র অনুমোদনের জন্য আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হয়।

(৩৫) Evidence-Informed Policy Making (EIPM) প্রশিক্ষণ মডিউলটি আওতাধীন প্রশিক্ষণকেন্দ্রে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে অনুরোধ করা হয়।

(৩৬) ১৮জুলাই ২০১৭ তারিখ অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিমের ২০১৭ সালের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়।

(৩৭) ২০ জুলাই তারিখে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮৩তম সভা অনুষ্ঠিত হয়।

(৩৮) ০৬ জুলাই তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

(৩৯) ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

(৪০) ২৪ জুলাই তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সঙ্গে বিভাগীয় কমিশনারগণের মধ্যে ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

গ. আগামী (আগস্ট-সেপ্টেম্বর) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন করা হতে পারে।

(৫) নিকার-এর সভা অনুষ্ঠান।

(৬) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৭) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।

(৮) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(৯) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ‘কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি’-এর সভা।

(১০) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিং-এর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(মুহাম্মদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd